দৈনিক বাংলা

তারিখ 30 JAN 1993
পৃষ্ঠা 1 কলাম 2

# সমগ্র শিক্ষাব্যবস্থা জাতীয়করণ করা হবে ঃশিক্ষামন্ত্রী

পর্যায়ক্রমে সমগ্র শিক্ষা ব্যবস্থা জাতীযকরণ করা হবে। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরুদ্দীন সরকার বৃহস্পতিবার ঢাকায় একথা বলেন। ঢাকায় কারমাইকেল কলেজ প্রাক্তন ছাত্র সমিতির প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে মন্ত্রী প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। প্রখ্যাত সাংবাদিক ব্যারিস্টার মইনুল হোসেন, মিসেস কাজী মদিনা, মিসেস আজিজা ইদ্রিস, শামসুল হক

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী (প্রথম পাতার পর)

ও আবু হেনা এম মোহসিন অনুষ্ঠানে ভাষণ দেন। খবর বাসসর।

শিক্ষামন্ত্রী জমিরুদ্দীন সরকার বৃহস্পতিবার ঢাকায় বলেন, বর্তমান সরকার সহিংসতা নির্মূল করে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার পদক্ষেপ গ্রহণ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিনাজপুর জেলা ছাত্র কল্যাণ সমিতির বৃত্তি প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সমিতির সভাপতি মোহাম্মদ আলী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও ভাষণ দেন দিনাজপুর সমিতির সভাপতি নজরুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম এ বারী, মিসেস তৌহিদা ফারুকী এডভোকেট আবদুল খালেক। খবর বাসসর।